



জনগণের বিশ্বাসই রাষ্ট্রের সবচেয়ে বড় সম্পদ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রের সবচেয়ে বড় সম্পদ জনগণের বিশ্বাস বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের উদ্দেশে বলেন, দেশ ও জনগণের কল্যাণে নিরপেক্ষ ও সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে।

বুধবার (৬ মে) রাতে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র-এ বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রিটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলনে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, প্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমেই জনগণের আস্থা তৈরি হয়। সরকারি কর্মকর্তাদের মানবিক আচরণ ও দ্রুত সেবা নিশ্চিত করার আহ্বান জানিয়ে তিনি বলেন, প্রশাসন শুধু আইন প্রয়োগের যন্ত্র নয়, এটি মানুষের সেবার মাধ্যম।

তিনি আরও বলেন, সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে মাঠ প্রশাসনের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের তিনি সরকারের “মাঠ পর্যায়ের প্রশাসনিক প্রতিনিধি” হিসেবে উল্লেখ করেন।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান, মন্ত্রিসভার সদস্য ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।